গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাজেট শাখা
www.ssd.gov.bd

৪র্থ জাতীয় উন্নয়ন মেলা আয়োজন এবং সরকারের বিগত ১০ বছরের সাফল্য প্রচার সংক্রান্ত সভার কার্যবিবরণী :

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী<br>সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| সভার তারিখ | : | ২৬ সেপ্টেম্বর ২০১৮ |
| সময় | : | বিকাল ০৩.০০ মিনিট |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি জানান যে, আগামী ০৪-০৬ অক্টোবর ২০১৮ তারিখে দেশব্যাপী সকল জেলা এবং উপজেলা ৪র্থ জাতীয় উন্নয়ন মেলা অনুষ্ঠিত হবে। মাননীয় প্রধানমন্ত্রী ০৪/১০/২০১৮ তারিখে উক্ত মেলার শুভ উদ্বোধন ঘোষণা করবেন। এবারের মেলায় ঢাকাস্থ বিদেশি কূটনীতিক ও উন্নয়ন সহযোগীবৃন্দ অংশগ্রহণ করবেন। অংশীজনদের বর্ণাঢ্য অংশগ্রহণের মাধ্যমে সুষ্ঠু, সুন্দর, বর্ণিলভাবে উক্ত মেলা বাস্তবায়নের বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান।

০২। (ক) সভাপতির অনুমতিক্রমে জনাব অতিরিক্ত সচিব (অগ্নি) জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী বলেন যে, দেশব্যাপী জাতীয় উন্নয়ন মেলা অনুষ্ঠানের বিষয়ে গত ১৬/০৭/২০১৮ তারিখে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এবং এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়কের উপস্থিতিতে অনুষ্ঠিত ভিডিও কনফারেন্সে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

| | | |
|---|---|---|
| ০১ | মেলার উদ্দেশ্য/লক্ষ্য অর্জন | ❖ মেলায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র সরকারের গৃহীত উন্নয়ন কার্যক্রম জনগণের মাঝে তুলে ধরা;<br>❖ স্থানীয় জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ ও সরকারি কর্মকর্তাগণের যৌথ অংশগ্রহণে স্থানীয় সমস্যা সম্পর্কে মতবিনিময় ও পরিকল্পনা বাস্তবায়ন;<br>❖ শেখ হাসিনা ব্রান্ডিং এর জন্য 'শেখ হাসিনা বিশেষ উদ্যোগ' সম্পর্কে জনগণের অংশীদারিত্ব বৃদ্ধি করা;<br>❖ ভবিষ্যৎ কর্মপরিকল্পনায় এমডিজি'র অর্জন সম্পর্কে প্রচার এবং এসডিজি কার্যক্রমে জনগণকে উদ্বুদ্ধ করা;<br>❖ মেলা প্রাঙ্গন থেকে তাৎক্ষণিক সেবা প্রদানের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশিত 'জনগণের দোরগোড়ায় সেবা' কার্যক্রম ত্বরান্বিত করা;<br>❖ মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে জনগণকে সেবা প্রদানের জন্য বিভিন্ন উদ্ভাবনী প্রদর্শন করা। |
| ০২ | টার্গেট গ্রুপ | ❖ শিক্ষার্থী, অভিভাবক, পর্যটক, প্রান্তিক পর্যায়ের সকল স্তরের জনগণ বিশেষ করে ছাত্র এবং তরুনদেরকে স্বাধীনতার প্রকৃত ইতিহাস জানাতে হবে এবং তাদেরকে বাঙ্গালি জাতীয়তাবাদে উদ্বুদ্ধ করতে হবে যাতে তাদের মধ্যে ইতিহাস বা ধর্ম নিয়ে কোন বিকৃত / মিথ্যা ধারণা থাকলে সেটি অপসারিত হয়;<br>❖ এনজিও প্রতিনিধিদের উপস্থিতি বৃদ্ধি এবং বিনিয়োগকারী ও শিল্প মালিকদেরকে মেলার সাথে সমৃদ্ধ করা;<br>❖ মুক্তিযোদ্ধা ও সিনিয়র সিটিজেন, স্থানীয় সাংস্কৃতিক সংগঠন/ক্লাব। |
| ০৩ | মেলা আয়োজনের মূল নিয়মাবলীসমূহ | ❖ মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ;<br>❖ মাননীয় প্রধানমন্ত্রীর কর্তৃক অর্জিত আন্তর্জাতিক স্বীকৃতি/সাফল্য/পুরস্কার প্রচারনা;<br>❖ এমডিজি'র অর্জন/এসডিজি সম্পর্কে ধারণা প্রদান;<br>❖ সংশ্লিষ্ট জেলার ঐতিহ্য ও পর্যটন সম্ভাবনা;<br>❖ ০১টি অনন্য পণ্য নিয়ে ঐ জেলার ব্র্যান্ডিং;<br>❖ নারীর ক্ষমতায়নে সরকারের পদক্ষেপ;<br>❖ মেলা প্রাঙ্গনে তাৎক্ষণিক সেবা প্রদানের সুযোগ রাখা। |

| | | |
|---|---|---|
| ০৪ | কার্যক্রম | ❖ প্রতিজেলায় শেখ হাসিনা সরকারের সাফল্য/উন্নয়ন কার্যক্রমের উপর ০৫ মিনিটের ভিডিও চিত্র নির্মাণ ও প্রদর্শন;<br>❖ প্রতিটি সরকারি দপ্তর কর্তৃক নিজ নিজ উন্নয়ন তথ্যাদি উপস্থাপন করা;<br>❖ নাগরিক সেবায় উদ্ভাবন ও ডিজিটালাইজেশন বিষয়ক উপস্থাপনা;<br>❖ মেলা প্রাঙ্গনে শেখ হাসিনা সরকারের বিভিন্ন উন্নয়ন কার্যক্রমের উপর একই পোস্টার/ব্যানার/ফেস্টুন প্রদর্শন করা<br>❖ শিক্ষার্থীদের অংশগ্রহণে রিয়েরিলিটি শো, রচনা প্রতিযোগিতা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন করা;<br>❖ সুসজ্জিত স্টল করা;<br>❖ প্রকল্পের কাজ মেলায় প্রদর্শন করা;<br>❖ মেলা উৎসবমুখর করতে সমন্বয় ও মনিটরিং করা। |
| ০৫ | প্রতিপাদ্য বিষয় | ❖ উন্নয়নের অভিযাত্রায় অদম্য বাংলাদেশ |

(খ) উক্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত ১০/০৯/২০১৮ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে সভা করা হয়। সভায় নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(i) সুরক্ষা সেবা বিভাগ সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থাসমূহের ক্ষেত্রে সরকারের উন্নয়ন কার্মকান্ডের সার্বিক বিষয়, জনসেবা প্রদানের ক্ষেত্রসমূহসহ প্রযোজ্য সকল বিষয়ে চিত্র যাতে জনগণের সামনে তুলে ধরা হয় সে লক্ষ্যে সংস্থা/দপ্তর প্রধানগণ প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করবেন;

(ii) সভায় উপস্থাপিত প্রস্তাবসমূহের প্রেক্ষিতে স্ব স্ব দপ্তর/সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

(iii) সুরক্ষা সেবা বিভাগের ০৪টি অধিদপ্তর মেলায় বিতরণের জন্য পৃথক লিফলেট প্রস্তুত করবে এবং সেগুলো একটি একক ফোল্ডারে সংরক্ষণ করবে;

(iv) বিগত বছরগুলোর সাথে বর্তমানের উন্নয়নের অগ্রযাত্রার তুলনামূলক প্রতিবেদন প্রস্তুত করতে হবে;

(v) অধিদপ্তরসমূহের উন্নয়ন এবং সেবা সহজীকরণ বিষয়ে ভিডিও ক্লিপ প্রস্তুতকরণ এবং সেগুলো মেলায় প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(গ) ৪র্থ জাতীয় উন্নয়ন মেলায় বরাদ্দকৃত স্টল পরিচালনা এবং লিফলেট/বুকলেট বিতরণ সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য গত ১৮/০৯/২০১৮ তারিখে অত্র বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা প্রধানগণকে অনুরোধ জানানো হয়। ১৭/০৯/২০১৮ তারিখে অতিরিক্ত সচিব (বহিরাগমন ও নিরাপত্তা) এর সভাপতিত্বে সভা করে মেলা আয়োজন সংক্রান্ত কার্যক্রমের ফলোআপ করা হয়। মেলা প্রাঙ্গনে গুরুত্বপূর্ণ ও পাশাপাশি স্থানে ০৪টি পৃথক স্টল বরাদ্দ দেয়ার জন্য গত ২৩/০৯/২০১৮ তারিখে পুনরায় সকল জেলা প্রশাসক বরাবর তাগিদপত্র প্রেরণ করা হয় এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাদের মাধ্যমে এই বিষয়টি নিশ্চিত করার জন্য সকল দপ্তর/সংস্থা প্রধান'কে অনুরোধ জানানো হয়। এছাড়া, মেলায় সরকারের উন্নয়ন ও মৌলিক কার্যক্রম সম্বলিত নিজ নিজ স্টল দৃষ্টিন্দন, তথ্যবহুল ও বর্ণাঢ্যভাবে উপস্থাপনের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে ১৯/০৯/২০১৮ তারিখে নির্দেশনা প্রদান করা হয় এবং এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য গত ২৪/০৯/২০১৮ তারিখে সকল দপ্তর/সংস্থা প্রধান'কে অনুরোধ জানানো হয়। ১৯/০৯/২০১৮ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ের এক পত্রমূলে জানানো হয় যে, শেরেবাংলা নগরস্থিত আন্তর্জাতিক বাণিজ্য মেলা প্রাঙ্গণে ঢাকা জেলা প্রশাসন, ঢাকা কর্তৃক আয়োজিত উন্নয়ন মেলায় বিদেশি কূটনীতিক ও উন্নয়ন সহযোগীবৃন্দ উপস্থিত থাকবেন এবং মেলার স্টলসমূহ পরিদর্শন করবেন। এ লক্ষ্যে নিম্নরুপ ব্যবস্থা গ্রহণ করতে হবে:

(i) বিভাগের স্টল থাকতে হবে;

(ii) লিফলেট/ব্রশিউর/পোস্টার ইত্যাদি বাংলার পাশাপাশি ইংরেজিতেও প্রণয়ন করতে হবে;

(iii) সম্ভাব্য ক্ষেত্রে স্টলসমূহে তাৎক্ষনিক সেবা প্রদানের সুযোগ থাকলে তার ব্যবস্থা রাখাতে হবে;

(iv) স্টল ব্যবস্থাপনা সংক্রান্ত যে কোন বিষয়ে জেলা জেলা প্রশাসক, ঢাকা'র সাথে সমন্বয় করতে হবে।

(ঘ) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ২০/০৯/২০১৮ তারিখে অনুষ্ঠিত সভায় প্রসঙ্গক্রমে জাতীয় উন্নয়ন মেলার ইস্যুতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য গত ২৫/০৯/২০১৮ তারিখে সকল দপ্তর/সংস্থা প্রধানগণকে অনুরোধ জানানো হয়:

(i) সকল জেলা ও উপজেলায় উন্নয়ন মেলায় জনগণ ও উপকারভোগীদের সর্বোচ্চ সম্পৃক্ততা নিশ্চিত করতে হবে;

(ii) উন্নয়ন মেলার স্টলে বিভিন্ন মন্ত্রণালয় ও দপ্তর তাদের প্রদেয় সেবাসমূহ প্রদান করতে পারে;

(iii) উন্নয়ন মেলায় ব্যাপক জনসমাগম হবে। তাদের সুরক্ষা ও নিরাপত্তার বিষয়টিকে সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে;

(iv) উন্নয়ন মেলার আগে ও পরে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ও সচিবসহ অন্যান্য উচ্চ পর্যায়ের কর্মকর্তাবৃন্দ বিভিন্ন বিভাগে উন্নয়ন মেলা পরিদর্শন বা মেলা পরবর্তী অর্জনসমূহ পর্যালোচনাসহ বিভাগীয় উন্নয়ন কার্যক্রম ও সার্বিক আইন শৃংখলার বিষয়ে আলোচনা করবেন।

০৩। বর্তমান সরকারের বিগত প্রায় ১০ বছরের উন্নয়ন কার্যক্রমের অগ্রগতি ও সাফল্যের প্রচার সংক্রান্ত:

(ক) অতিরিক্ত সচিব (অগ্নি) আরো জানান যে, বর্তমান সরকারের ১০ (দশ) বছরের উন্নয়ন কার্যক্রমের অগ্রগতি ও সাফল্যের প্রচার সংক্রান্ত বিষয়ে গত ০৩/০৯/২০১৮ তারিখে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(i) বিভাগের গুরুত্বপূর্ণ সাফল্যসমূহ তুলে ধরে সংবাদপত্র/ইলেকট্রনিক মিডিয়ায় সংবাদ/প্রতিবেদন প্রচারের উদ্যোগ গ্রহণ করতে হবে;
(ii) এ জন্য সংশ্লিষ্ট সাংবাদিকদের ব্রিফিং প্রদান, মাঠ পরিদর্শনসহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে;
(iii) বিভাগের গুরুত্বপূর্ণ সাফল্যসমূহ তুলে ধরে স্বল্প দৈর্ঘের প্রামাণ্য চিত্র, টিভিসি, পোস্টার, পুস্তক/পুস্তিকা, বিলবোর্ড ইত্যাদি তৈরি করে বিতরণ করতে হবে;
(iv) সামাজিক যোগাযোগ মাধ্যম (ফেসবুক, ইউটিউব, ট্যুইটার, ইনস্টাগ্রাম ইত্যাদি) ব্যবহার করে উন্নয়ন সাফল্য তুলে ধরতে হবে;
(v) বিভাগের ওয়েবসাইট/ফেসবুক হালনাগাদকরণ।

(খ) উক্ত সিদ্ধান্তসমূহের আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য গত ১৯/০৯/২০১৮ তারিখে সকল দপ্তর/সংস্থা প্রধানগণকে অনুরোধ জানানো হয়। পরবর্তীতে ২০/০৯/২০১৮ তারিখে অতিরিক্ত সচিব (অগ্নি) এর সভাপতিত্বে সভা করে আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য একই তারিখে সংশ্লিষ্ট সভাকে অনুরোধ জানানো হয়। ২২/০৯/২০১৮ তারিখে সকল দপ্তর/সংস্থার প্রতিনিধিদের সমন্বয়ে সভা করে ৪র্থ জাতীয় উন্নয়ন মেলা উপলক্ষে প্রণীত ব্রশিউর এর খসড়া চূড়ান্ত করা হয় এবং সরকারের ১০ বছরের সাফল্য ভালভাবে প্রচার করার কার্যক্রমের ফলোআপ করা হয়।

০৪। আলোচনায় অংশ নিয়ে এমআরপি ও এমআরভি প্রকল্পের পিডি জানান যে, জেলা পর্যায়ে স্টল বরাদ্দ প্রাপ্তির জন্য এখন থেকে উদ্যোগ নেয়া প্রয়োজন। স্টলকে আকর্ষণীয় করার জন্য দৃশ্যমান ভিডিও, ব্রশিউর, লিফলেট এবং মোবাইল ইউনিটের মাধ্যমে তাৎক্ষণিক সেবা প্রদান করা যেতে পারে। ফায়ার সার্ভিসের মহাপরিচালক জানান স্টলে তাদের পক্ষ হতে ফার্স্ট এইড, ফায়ার লাইসেন্স বুথ, ফায়ার এক্সটিংগুইসার ব্যবহারের প্রশিক্ষণ ইত্যাদি সেবা প্রদান করা হবে। কারা মহাপরিদর্শক জানান যে, তাদের স্টলে কারাবন্দিদের দ্বারা উৎপাদিত বিভিন্ন পণ্য সামগ্রী প্রদর্শনীর ব্যবস্থা করা হবে। অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব মো: জহিরুল ইসলাম উপজেলা পর্যায়ের স্টলে সুষ্ঠু সমন্বয়ের ভিত্তিতে মেলার কার্যক্রম পরিচালনা করার জন্য গুরুত্বারোপ করেন।

০৫। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

(৫.১) ৪র্থ জাতীয় উন্নয়ন মেলা সুষ্ঠু ও সার্থকভাবে বাস্তবায়ন করার লক্ষ্যে সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক প্রধানমন্ত্রীর কার্যালয়ের নিদের্শনা অনুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে যাবতীয় কার্যক্রম গ্রহণ করা;
(৫.২) বিভাগ এবং দপ্তর/সংস্থাসমূহের ব্রশিউর জরুরি ভিত্তিতে মাঠ পর্যায়ে প্রেরণ করা;
(৫.৩) মন্ত্রণালয়ের সার্বিক কার্যক্রমের ভিত্তিতে নাতিদীর্ঘ টিভিসি প্রস্তুতের ব্যবস্থা করা;
(৫.৪) উপজেলা পর্যায়ের স্টলে মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক সুষ্ঠু সমন্বয়ের ভিত্তিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা;
(৫.৫) মেলার যাবতীয় কার্যক্রমের বিষয়ে জেলা প্রশাসকগণের সাথে নিয়মিত যোগাযোগ করা;
(৫.৬) জেলা প্রশাসন, ঢাকা কর্তৃক আন্তর্জাতিক বাণিজ্য মেলার মাঠে আয়োজিতব্য মেলায় সরকারের উন্নয়ন ও সেবামূলক কার্যক্রম সম্বলিত নিজ নিজ স্টল দৃষ্টিনন্দন, তথ্যবহুল ও বর্ণাঢ্যভাবে উপস্থাপন করা;
(৫.৭) ঢাকা জেলা প্রশাসনের মেলায় লিফলেট/ব্রশিউর/পোস্টার বাংলার পাশাপাশি ইংরেজিতে প্রকাশ করা। সম্ভাব্য ক্ষেত্রে স্টলে জনগণকে তাৎক্ষণিক সেবা প্রদানের ব্যবস্থা রাখা;
(৫.৮) সরকারের বিগত ১০ বছরের উন্নয়ন কর্মকান্ডের সাফল্যসমূহ তুলে ধরে সংবাদপত্রে প্রতিবেদন প্রকাশ করা;
(৫.৯) সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে সরকারের উন্নয়ন সাফল্য তুলে ধরা এবং নিজ নিজ ওয়েবসাইট ও ফেসবুক নিয়মিত আপডেট করা;
(৫.১০) মেলার নিরাপত্তার বিষয়টিকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে প্রয়োজনীয় সাজ-সরঞ্জামসহ ফায়ার সার্ভিসের টিম প্রস্তুত রাখা।

(ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী)
সচিব